যুগান্তর

তারিখ ... 19 MAR 2017 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ......

# শিক্ষানীতির আগে ভাষানীতি জরুরি

## আলোচনা সভায় ভাষাসৈনিক শামসুল হুদা

সাংস্কৃতিক রিপোর্টার

একুশে পদকজয়ী ভাষাসৈনিক শামসুল হুদা বলেছেন, সর্বস্তরে বাংলা ভাষার প্রয়োগ ও ব্যবহার যখন আমরা নিশ্চিত করতে পারিনি, তখন মনে হচ্ছে শিক্ষানীতির আগে আমাদের ভাষানীতি প্রণয়ন করা জরুরি ছিল। ভাষা আন্দোলন থেকে স্বাধীনতার প্রেক্ষাপট নিয়ে 'জয় বাংলা' শিরোনামে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে এসে তিনি এ মন্তব্য করেন। শনিবার সন্ধ্যায় রাজধানীর বিশ্বসাহিত্য কেন্দ্রে সমধারার আয়োজনে আলোচনা সভায় অংশ নেন ভাষাসৈনিক বিচারপতি কাজী এবাদুল হক, প্রতিভা মুৎসুদ্দী, একুশে পদকজয়ী ভাষাসৈনিক ড. শরীফা খাতুন, জসীম উদ্দিন আহমেদ। সভাপতিত্ব করেন কাইয়ুম নিজামী। পরে তাদের সঙ্গে আলোচনায় যোগ দেন কবি মুহম্মদ নুরুল হুদা।

ভাষা আন্দোলনের প্রেক্ষাপট আলোচনা করতে গিয়ে শামসুল হুদা বলেন, ভাষা আন্দোলনের প্রেক্ষাপটে আমরা একদিন দেশ স্বাধীন করলাম, বিজয় অর্জিত হল। কিন্তু দুঃখ হল, এখন বাংলা ভাষাকে সর্বস্তরে প্রয়োগ করতে গিয়ে নানা প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। ভাষা দিবস উদযাপনকে যেন শৌখিনতা মনে হয়। তিনি বলেন, আমরা কত সংগ্রাম করে, জেল-জুলুম সয়ে ভাষার অধিকার প্রতিষ্ঠা করলাম। অথচ মনে হয়, দেশ সেই আদর্শচ্যুত হয়েছে। আরেক ভাষাসৈনিক অধ্যাপক শরীফা খাতুন বলেন, বাংলা ভাষাকে এগিয়ে নিয়ে যেতে হলে সমাজ, রাষ্ট্র, সংস্কৃতি সব ক্ষেত্রে বাংলাকে সঠিকভাবে প্রয়োগ করতে হবে। এ ক্ষেত্রে নিজ নিজ অবস্থান থেকে আমাদের সর্বোচ্চ অবদান রাখতে হবে। মৌলবাদী গোষ্ঠীর দাবি অনুযায়ী প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তকে পরিবর্তন আনা হয়েছে বলে অভিযোগ করেন প্রতিভা মুৎসুদ্দী।